



স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব নিয়ে প্রশ্ন তুললেন হাসনাত আব্দুল্লাহ



হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

কুমিল্লা-৪ (দেবিদ্বার) আসনের সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের ভূমিকা ও কার্যক্রম নিয়ে সমালোচনা করেছেন।

রোববার (১৭ মে) কুমিল্লার মেঘনা উপজেলা পরিষদ মাঠে এনসিপির পদযাত্রা ও যোগদান অনুষ্ঠানে তিনি আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন।

তিনি বলেন, চার মাসের মধ্যে মেঘনা উপজেলায় একাধিক হত্যাকাণ্ড ঘটেছে। এমন পরিস্থিতিতে স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব কতটা কার্যকরভাবে পালন হচ্ছে, তা নিয়ে সাধারণ মানুষের মধ্যে প্রশ্ন উঠেছে। তার অভিযোগ, মন্ত্রী বিভিন্ন রাজনৈতিক অবস্থানের সঙ্গে মিল রেখে মন্তব্য করলেও নিজ মন্ত্রণালয়ের পরিস্থিতি নিয়ন্ত্রণে যথেষ্ট মনোযোগ দিচ্ছেন না।

হাসনাত আব্দুল্লাহ আরও বলেন, আইনশৃঙ্খলার অবস্থা যদি এভাবে অব্যাহত থাকে, তাহলে মানুষের আস্থা দ্রুতই কমে যাবে এবং সরকারের প্রতি বিশ্বাস ধরে রাখা কঠিন হয়ে পড়বে। অনুষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক দল থেকে প্রায় শতাধিক নেতা-কর্মী এনসিপিতে যোগ দেন। পরে তাদের হাতে দলীয় পতাকা তুলে দেওয়া হয়।